

রাবিতে শিক্ষক সমিতির,  
মানববন্ধন, সমাবেশ

অধ্যাপক শফিউল হত্যার বিচার দাবি  
■ রাজশাহী অফিস  
সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক  
একেএম শফিউল ইসলাম সিদ্দিক  
হত্যার বিচার দাবিতে মঙ্গলবার রাবি  
ক্যাম্পাসে মানববন্ধন ও সমাবেশ  
করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি)  
শিক্ষক সমিতি। বেলা ১১টায় সিনেট  
ভবনের সামনের এই কর্মসূচিতে  
সভাপতিত্ব করেন শিক্ষক সমিতির  
কোষাধ্যক্ষ অধ্যাপক হাবিবুর রহমান।  
বক্তব্য রাখেন সমিতির সাধারণ  
সম্পাদক প্রদীপ কুমার গায়েদ,  
আওয়ামী লীগ ও বাম সমর্থিত,  
প্রগতিশীল শিক্ষক সমাজের আহবায়ক  
অধ্যাপক মো. জাহিদুল হাসান এবং  
বিএনপি-জামায়াত সমর্থিত  
বাংলাদেশি সাদাদলের আহবায়ক,  
অধ্যাপক একেএম শামসুল আলম  
সরকার প্রমুখ। তারা হত্যা মামলার  
তদন্ত ও বিচার প্রক্রিয়া দ্রুত করার  
দাবি জানান। প্রসঙ্গত, গত ১৫  
নভেম্বর বিকালে বিশ্ববিদ্যালয় সংলগ্ন  
চৌদ্দপাই এলাকায় লালনডাক্তার  
অধ্যাপক শফিউল ইসলামকে অজ্ঞাত  
দুর্ভুক্তরা কুপিয়ে হত্যা করে।